

চট্টগ্রাম শিক্ষাবোর্ড

স্থগিত হওয়া এইচএসসি পরীক্ষার ৪ বিষয়ে নতুন তারিখ

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১৫:১৭, ১৩ আগস্ট ২০২৩; আপডেট: ১৫:৪৩, ১৩ আগস্ট ২০২৩



ফাইল ছবি।

চট্টগ্রাম শিক্ষাবোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষার স্থগিত হওয়া প্রথম ৪ বিষয়ের নতুন তারিখ নির্ধারণ করা হয়েছে।

এইচএসসি ৪ বিষয়ের নতুন তারিখ হচ্ছে- ২৭ সেপ্টেম্বর, ১, ৩ ও ৫ অক্টোবর।

আরও পড়ুন: সৌন্দি আরবে বছরে সাড়ে তিন লাখ বিবাহ বিচ্ছেদ

এদিকে মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীন আলিম পরীক্ষার প্রথম ৪টি বিষয়ের পরীক্ষার নতুন তারিখ যথাক্রমে ১, ৩, ৫ ও ৮ অক্টোবর নির্ধারণ করা হয়েছে।

এর আগে শুক্রবার (১১ আগস্ট) রাতে আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক প্রফেসর তপন কুমার সরকার জানান, প্রাকৃতিক দুর্যোগের কারণে তিন শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা পেছানো হয়েছে।

তিনটি বোর্ড হলো- চট্টগ্রাম শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ড।

